



এনএসইউতে ভাষা আন্দোলনবিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) 'ভাষা আন্দোলন ও বাংলাদেশের অভ্যুদয়: স্মৃতিকথা ও আত্মজীবনীর আলোকে' শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র এবং ইতিহাস ও দর্শন বিভাগের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। মুখ্য আলোচক ছিলেন দৈনিক যুগান্তরের সম্পাদক কবি আবদুল হাই শিকদার। সভায় প্রবন্ধ উপস্থাপন করেন এনএসইউ ইতিহাস ও দর্শন বিভাগের সহকারী অধ্যাপক ড. ছালেহ শাহরিয়ার। স্বাগত বক্তব্য দেন মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রিজওয়ানুল ইসলাম। অনুষ্ঠানের শেষাংশে অতিথিদের প্রতি কৃতজ্ঞতা জানান কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান। —বিজ্ঞপ্তি